



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সুপারিনটেনডেন্ট এর কার্যালয়

পিটিআই, মাদারীপুর।

<https://pttc.madaripur.gov.bd>



স্মারক নং: পিটিআই/মাদারী/বিটিপিটি/জুলাই-২০২৪/৭৯

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১
০৩ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: অনুপস্থিতির কারণে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্স থেকে রেজিস্ট্রেশন বাতিল প্রসঙ্গে।

সূত্র: পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৮.১ নং উপধারা এবং প্রশিক্ষণার্থীদের হাজিরা রেকর্ড।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পিটিআই মাদারীপুর এর জুলাই ২০২৪ শিক্ষাবর্ষের পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্সের প্রশিক্ষণার্থী জনাব পাপিয়া আক্তার, রেজিস্ট্রেশন/আইডি নম্বর ২৪২৫১৩৫১০০২, শ্রেণি রোল নং: ৭৭, সহকারী শিক্ষক, বারদোয়ালী খলিফাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর, গত ১৪/০৮/২০২৪ খ্রি. তারিখ থেকে ০২/০৯/২০২৪ খ্রি. তারিখ/অদ্যাবধি পর্যন্ত ১২ (বার) কর্মদিবস পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্সের কোন কার্যক্রমে অংশগ্রহণ না করে অনুপস্থিত ছিলেন।

০২। পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৮.১ উপধারা মোতাবেক পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্স থেকে তার রেজিস্ট্রেশন বাতিল করা হলো।

০৩। উল্লিখিত প্রশিক্ষণার্থীর দায়িত্বে অবহেলার জন্য পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) কোর্স থেকে রেজিস্ট্রেশন বাতিলের কারণে উপধারা ১৮.১ এর নির্দেশনা মতে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হলো।

০৪। রেজিস্ট্রেশন বাতিলকৃত শিক্ষার্থী প্রশিক্ষণ ভাতা গ্রহণ করে থাকলে পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকদের জন্য মৌলিক প্রশিক্ষণ-BTPT) বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩ এর ১৭.৭.৪ উপধারা অনুসারে লিখতে হবে (ভাতাদি গ্রহণ করলে প্রশিক্ষণ ভাতাসহ অন্যান্য ভাতাদি সংশ্লিষ্ট কোডে সরকারি খাতে জমা দিতে হবে) এবং প্রশিক্ষণ ভাতা গ্রহণ না করে থাকলে প্রশিক্ষণ ভাতা গ্রহণ করেননি মর্মে উল্লেখ করতে হবে।

উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণার্থীকে ইতোমধ্যে 'কিট এলাউন্স, প্রশিক্ষণ ভাতা (জুলাই মাস), নাস্তা (জুলাই মাস), কোর্স শুরুর দিনের খাবার ভাতা' প্রদান করা হয়েছে।

(মো: আতোয়ার রহমান বিশ্বাস)

সুপারিনটেনডেন্ট

পিটিআই, মাদারীপুর।

মোবাইল: ০১৭১৬-৫৮৩৩০২

স্মারক নং: পিটিআই/মাদারী/বিটিপিটি/জুলাই-২০২৪/৭৯(১২)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩১
০৩ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. চেয়ারম্যান, ডিপিএড বোর্ড ও মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৩. পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা-১২১৬।
৫. প্রোগ্রামার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, ময়মনসিংহ।
৮. উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর।
৯. মহিলা হোস্টেল সুপার, পিটিআই, মাদারীপুর।
১০. প্রধান শিক্ষক, বারদোয়ালী খলিফাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, শিবচর, মাদারীপুর।
১১. জনাব পাপিয়া আক্তার, শ্রেণি রোল: ৭৭, সেশন: জুলাই ২০২৪ এবং সহকারী শিক্ষক, বারদোয়ালী খলিফাকান্দি সপ্রাধি, শিবচর, মাদারীপুর।
১২. অফিস কপি।

(মো: আতোয়ার রহমান বিশ্বাস)

সুপারিনটেনডেন্ট

পিটিআই, মাদারীপুর।

মোবাইল: ০১৭১৬-৫৮৩৩০২